# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮১১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, সূরা ভেঙ্গে ভেঙ্গে পড়াই হয়তো মুস্তাহাব

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّ تَقْطِيعَ السُّوَرِ فِي الصَّلَاةِ مِنَ الأشياء المستحسنة

---

আরবী

1811 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ زِيَادِ بْنِ عِلَاقَةَ قَالَ: سَمِعْتُ عَمِّي يَقُولُ:
إِنَّهُ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم الصبح فَسَمِعَهُ يَقْرَأُ فِي إِحْدَى الرَّكْعَتَيْنِ مِنَ الصُّبْحِ: {وَالنَّخْلَ بَاسِقَاتٍ لَهَا طَلْعٌ نَضِيدٌ} [ق: 10] قَالَ: شُعْبَةُ: وَسَأَلْتُهُ مَرَّةً أُخْرَى فَقَالَ: سَمِعْتُهُ يَقْرَأُ بـ (ق)

الراوي : زِيَاد بْن عِلَاقَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1811 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৮১১. যিয়াদ বিন ইলাকাহ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আমার চাচার কাছ থেকে শুনেছি, তিনি বলেছেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ফজরের সালাত আদায় করেছেন, তিনি তাঁকে ফজরের এক রাকা‘আতে وَالنَّخْلَ بَاسِقَاتٍ لَهَا طَلْعٌ نَضِيدٌ ( আর লম্বা লম্বা খেজুর গাছ, যাতে রয়েছে গুচ্ছ গুচ্ছ খেজুর।” সূরা কাফ: ১০) এই আয়াত পাঠ করতে শুনেছেন।”

ইমাম শু‘বাহ রহিমাহুল্লাহ বলেন, “আমি আমার উস্তাদকে আরেক বার জিজ্ঞেস করলে তিনি বলেন, “আমি তাকে সূরা কাফ পড়তে শুনেছি।”[1]

ফুটনোট

[1] নাসাঈ: ২/১৫৭; আত তায়ালিসী: ১২৫৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৫৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৭১৯; হুমাইদী: ৮২৫; সহীহ মুসলিম: ৪৫৭; তিরমিযী: ৩০৬; ইবনু মাজাহ: ৮১৬; দারেমী: ২/২৯৭; তাবারানী আল কাবীর: ১৯/২৫; সুনান বাইহাকী: ২/৩৮৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬০২; সহীহ ইবনু খুযাইমাহ: ৫২৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকেসহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৮১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ যিয়াদ ইবনু ‘ইলাকা (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91027

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন